

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রশাসন ও কল্যাণ শাখা
www.fid.gov.bd



নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৩১.০০১.১৯.১৫৭

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭

২৭ সেপ্টেম্বর ২০২০

অফিস আদেশ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৭ মার্চ ২০১৯ তারিখের ৫৩.০০.০০০০.২১১.১৮.০০১.১৮-২১৬ নং অফিস আদেশে গঠিত এ বিভাগের ইনোভেশন টিম নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হ'ল:

ক্রম	নাম	পদবি	টিমে অবস্থান	ফোন (দাপ্তরিক ও মোবাইল)	ই-মেইল
১.	জনাব আবদুল্যাহ হারুন পাশা	অতিরিক্ত সচিব	চিফ ইনোভেশন অফিসার	০১৭১৫-৭২২৫০৪	addlsecy.cm@fid.gov.bd
২.	কামরুন নাহার সিদ্দীকা	যুগ্মসচিব	সদস্য	০১৭১৬-৮৭৮৪০০	js.sb@fid.gov.bd
৩.	ডঃ নাহিদ হোসেন	যুগ্মসচিব	সদস্য সচিব	০১৮৫৫-৬৬৬৬৪০	js.cm@fid.gov.bd
৪.	মোঃ জেহাদ উদ্দিন	উপসচিব	সদস্য	০১৯১২-৫২০০১৮	ds.litigation@fid.gov.bd
৫.	মোহাম্মদ সফিউল আলম	উপসচিব	সদস্য	০১৭১৮-৬২১৮০১	ds.admin@fid.gov.bd
৬.	মোঃ গোলাম মোস্তফা	উপসচিব	সদস্য	০১৭১৭-০০৬০৩৪	ds.sb2@fid.gov.bd
৭.	মোঃ মহিন উদ্দিন	সহকারী সচিব	সদস্য	০১৫৫৮-০২২৭২২	as.cm@fid.gov.bd

২। ইনোভেশন টিমের কার্যপরিধি:

- (১) স্ব স্ব কার্যালয়ের সেবাদান প্রক্রিয়া এবং কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;
- (২) ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;
- (৩) প্রতি মাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন এবং
- (৫) প্রতি বছর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বছরের একটি পূর্ণাঙ্গ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ।

৩। চিফ ইনোভেশন অফিসারের দায়িত্ব ও কার্যাবলি:

- (১) এ বিভাগের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;
- (২) পরিবর্তনের রূপকার হিসেবে স্বীয় কার্যালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার অভ্যাস ও ক্ষেত্র তৈরি করা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের গতিশীলতা সৃষ্টির মাধ্যমে আওতাধীন দপ্তর-সংস্থার কার্যাবলীতে উদ্ভাবনকে অন্তর্ভুক্ত ও উৎসাহিত করা;
- (৩) প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিমের সদস্যদের কর্মস্পৃহা বৃদ্ধি এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;
- (৪) নাগরিক সেবা সহজীকরণ (Service Process Simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;
- (৫) সকল প্রকার দাপ্তরিক চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;
- (৬) স্ব স্ব কার্যালয়ের যাবতীয় তথ্যাবলী সন্নিবেশনপূর্বক প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি এবং কার্যালয়ের ওয়েবসাইটে তা নিয়মিত হালনাগাদ নিশ্চিতকরণ এবং অনলাইনে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ;

- (৭) জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- (৮) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;
- (৯) তথ্য অধিকার আইন অনুযায়ী স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয় সাধন এবং
- (১০) জাতীয় ই-জিফ (e-GIF: e-Governance Interoperability Framework)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শ মানে আনয়ন (Standardization) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।
- ৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।



২৭-৯-২০২০

মোহাম্মদ সফিউল আলম

উপসচিব

ফোন: ৯৫৫৯১০৯

ইমেইল: ds.admin@fid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৩১.০০১.১৯.১৫৭/১(৭৪)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৭
২৭ সেপ্টেম্বর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
- ২) অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৩) চিফ ইনোভেশন অফিসার, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৪) মহাপরিচালক, গভর্নেন্স ইনোভেশন ইউনিট, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৫) যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৬) উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, ই-গভর্নেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
- ১০) ইঞ্জিনিয়ার (আইটি), আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ওয়েবসাইটে হালনাগাদের অনুরোধসহ)।



২৭-৯-২০২০

মোহাম্মদ সফিউল আলম

উপসচিব